

জুলাই ৪, ২০০৬

ইলেক্ট্রনিক ক্লিয়ারিং সার্ভিস(ডেবিট ক্লিয়ারিং)-এ অংশগ্রহণকারী সমস্ত ব্যাংকগুলিকে

ইলেক্ট্রনিক ক্লিয়ারিং সার্ভিস- ডেবিট ক্লিয়ারিং -গ্রাহকের অনুমতিপত্র

আপনারা অবগত আছেন যে ই সি এস দ্বারা লেনদেন দ্রুতগতিতে বাড়ছে।ডেবিট ক্লিয়ারিং দ্বারা লেনদেনের বৃদ্ধির গতি ক্রেডিট ক্লিয়ারিং দ্বারা লেনদেনের বৃদ্ধির গতির চেয়ে অনেক বেশী এবং বহু জনপরিষেবামূলক সংস্থা/ব্যাংক এই ব্যবস্থাটি কাজে লাগাচ্ছে জনপরিষেবামূলক পেমেন্ট,ইএমআই ইত্যাদির টাকা জমা নেওয়ার জন্যে।

২। ই সি এস(ডেবিট)কাজ করে গন্তব্য অ্যাকাউন্ট হোল্ডারদের অনুমতিপত্রের ভিত্তিতে যেটা তারা ব্যবহারকারী সংস্থাটিকে দেন তাদের অ্যাকাউন্ট ডেবিট করার জন্যে। অনুমতিপত্রের একটি অনুলিপি , অ্যাকাউন্ট হোল্ডার বা ব্যবহারকারী সংস্থা ব্যাংককে পাঠায় যাতে ব্যাংক ই সি এসের(ডেবিট ক্লিয়ারিং)মাধ্যমে দেওয়া ডেবিট করার নির্দেশের বৈধতা পরীক্ষা করতে পারে।

৩। আরবিআই দ্বারা হালে পরিচালিত একটি সাধারণ সার্ভেতে দেখা গেছে যে বিভিন্ন ব্যাংকের শাখাগুলি প্রয়োজনীয় অনুমতিপত্র ফর্মগুলি সঠিকভাবে রাখে না।তারা অ্যাকাউন্ট ডেবিট করে রাখিন মাফিক ভাবে শুধুমাত্র ক্লিয়ারিং হাউসের পাঠানো ই সি এস(ডেবিট)ফাইলের ভিত্তিতে । ব্যাংকের শাখাগুলি জানিয়েছে যে তারা যে সফ্টওয়্যার ব্যবহার করছে তাতে ই সি এস(ডেবিট) অনুমতিপত্র নথিভুক্ত করার কোন ব্যবস্থা নেই।যদিও কোন ব্যবস্থা থেকে থাকে তা শুধুমাত্র একটি বা দুটি অনুমতিপত্রের জন্যে যদিও কিছু অ্যাকাউন্ট হোল্ডাররা এর থেকে অনেক জনপরিষেবামূলক সংস্থাগুলিকে অনুমতিপত্র দিয়েছে ই সি এসের মাধ্যমে ডেবিট করার জন্যে।

৪। এই সম্পর্কে উল্লেখ করা যেতে পারে যে ডেবিট অনুমতিপত্র পরিচালনার পদ্ধতি হাউসকিপিং কাজের একটি অংশ অবশ্যই হওয়া উচিত। অনুমতিপত্রটির মধ্যে আরোও উল্লেখ করতে হবে তার বৈধতার সময়সীমা এবং প্রত্যেক ট্রান্স্যাকশনের উচ্চ সীমা।এই উচ্চ সীমা অনুমতিপত্র অনুযায়ী আলাদা হতে পারে। ডিসেম্বর ২৩, ২০০৫তারিখের সার্কুলার DPSS (CO) No.950/04.01.01/2005-2006 এর মাধ্যমে,আমরা নির্দেশ দিয়েছিলাম যে গ্রাহকের দ্বারা অনুমতিপত্র উঠিয়ে নেবার নির্দেশাবলীকে যেন চেক ক্লিয়ারিং সিস্টেমের পেমেন্ট থামনোর সিস্টেমের সমতুল্য ধরে নেওয়া হয়। তাই এটা নিশ্চিত করা দরকার যে অনুমতিপত্র এবং তুলে নেবার নির্দেশকে যেন যত্ন সহকারে নথিভুক্ত করা হয়।

৫। আমরা আবেদন করছি যে যথা শীত্র সন্তুষ্টি আপনাদের ব্যাংক ই সি এস (ডেবিট)দ্বারা লেনদেনে কার্যকরী করার জন্যে একটি উপযুক্ত অনুমতিপত্র পরিচালনা পদ্ধতি চালু করার পদক্ষেপ নেয়।

অনুগ্রহ করে এই চিঠির প্রাপ্তি স্বীকার করুন এবং এটা মেনে চলুন।

ইতি ভবদীয়

(কে.এন.কৃষ্ণমুর্তি)
জেনারেল ম্যানেজার